



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-৯/২০১৭-১৮/২২১০

তারিখ ৪ ০৩.০৬.২০১৮ খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

বিষয় : ম্যানুয়ালি পরিচালিত শাখা/সমিতিসমূহের ডাটা সিবিএস এ স্থানান্তর প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের ৪৮৫টি উপজেলায় শাখা খোলার জন্য বাংলাদেশ ব্যাংক হতে লাইসেন্স পাওয়া যায়, তন্মধ্যে বর্তমানে ৪৮৪টি শাখা অনলাইনে পরিচালিত হচ্ছে। থানচি শাখার কার্যক্রম প্রকল্পে ম্যানুয়ালি পরিচালিত হওয়ায় এখনো উক্ত শাখার ডাটা ব্যাংকে সিবিএস এ স্থানান্তরিত হয়নি। তা'ছাড়া অনলাইনে পরিচালিত ৪৮৪টি শাখার মধ্যে বেশ কিছু শাখার কিছু সমিতি ম্যানুয়ালি পরিচালিত হচ্ছে মর্মে আমাদের নিকট তথ্য রয়েছে। ম্যানুয়ালি পরিচালিত শাখা/সমিতিসমূহের ডাটা ব্যাংকের সিবিএস এ স্থানান্তরের নিমিত্তে তথ্যাদি প্রদানের জন্য সিবিএস এর বাম পার্শ্বে একটি লিংক দেয়া রয়েছে এবং তথ্যাদি ইনপুট করার জন্য অনুরোধ করা হয়েছে। কিন্তু বেশ কিছু শাখা এখনো তথ্যাদি ইনপুট করেনি, যার কারণে ম্যানুয়ালি পরিচালিত শাখা/সমিতিসমূহের ডাটা ব্যাংকের সিবিএস এ স্থানান্তর বিলম্বিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, ম্যানুয়ালি পরিচালিত শাখা/সমিতিসমূহের তথ্যাদি সিবিএস এর ডান পার্শ্বে লিংকে ইনপুট করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। এতদবিষয়ে প্রয়োজনে সহকারী প্রোগ্রামার জনাব মুঃ সাঈয়ুম রহমান সজিব এর সাথে (মোবাইল নং ০১৯৩৮৮৭৮৯৬১) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

ফোন নং ৫৫১৩৮৫৬২

headoffice@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগিতর জন্য :

১. চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অফিস কপি।